

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি বিশ্ববিদ্যালয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৮.২৭.০০১.১৮.১১৬

তারিখ: ২৩ বৈশাখ ১৪২৬

০৬ মে ২০১৯

বিষয়: তদন্ত প্রতিবেদনের মতামত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সহকারী পরিচালক ও সহকারী সচিব (প্রটোকল) নিয়োগে অনিয়মের অভিযোগের বিষয়ে গঠিত তদন্ত কমিটির মতামত নিম্নরূপ:

১) বাছাই প্রক্রিয়াটি বস্তুনিষ্ঠ ও ন্যায় সঙ্গত হয়নি। বাছাই কমিটি কর্তৃক আবেদনপত্রসমূহ যাচাই-বাছাইয়ের ত্রুটিপূর্ণ এবং যথেষ্ট যৌক্তিক নয়-এমন নীতি ও প্রক্রিয়া অনুসরণ করায় অনেক আবেদনকারী প্রার্থিতা প্রমাণের সুযোগ থেকে বঞ্চিত হয়েছে।

২) পরীক্ষা সংশ্লিষ্ট প্রক্রিয়ার অংশ হিসাবে পরীক্ষা কমিটি গঠন, প্রশ্নপত্র প্রণয়ন কমিটি গঠন এবং উত্তরপত্র মূল্যায়নের দায়িত্ব বন্টনের ক্ষেত্রে কমিশনে বিদ্যমান রেওয়াজের ব্যত্যয় করা হয়েছে বিধায় পরীক্ষার পুরো বিষয়টি প্রশ্নবিদ্ধ হয়ে দাড়িয়েছে।

৩) কমিশনের সচিবের কন্যা সহকারী পরিচালক পদে একজন চাকুরিপ্রার্থী-এ বিষয়টি যাচাই না করে পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন কমিটি এবং হল ব্যবস্থাপনা কমিটিতে সচিবকে অন্তর্ভুক্ত করা হয়েছে। এটি স্বচ্ছতা তথা সুশাসনের সাথে সমান্তরাল নয়। এক্ষেত্রে সচিব-এর স্বপ্রনোদিত হয়ে পরীক্ষা সংক্রান্ত প্রক্রিয়ার অন্তর্ভুক্তি থেকে নিজেকে বিরত রাখা সমীচিন হতো। তবে তিনি তা না করায় তার ভূমিকা নৈতিকতার নিরীখে গ্রহণযোগ্যতা হারিয়েছে।

৪) উত্তরপত্রসমূহ যথাযথভাবে দেখে মূল্যায়ন করা হয়েছে বলে প্রতীয়মান হয়নি। এই ধরনের মূল্যায়ন যোগ্য প্রার্থী নিয়োগে অন্তরায়স্বরূপ। নিয়োগের মত অতি গুরুত্বপূর্ণ বিষয়ে এমনটি হবার কোনো সুযোগ নেই।

২. এমতাবস্থায়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সহকারী পরিচালক ও সহকারী সচিব (প্রটোকল) নিয়োগে অনিয়মের অভিযোগের বিষয়ে গঠিত তদন্ত কমিটির উপরোক্ত মতামত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬-৫-২০১৯

জিন্নাত রেহানা

উপ-সচিব

চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন,
শেরেবাংলানগর, ঢাকা।


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৮.২৭.০০১.১৮.১১৬/১(২)

তারিখ: ২৩ বৈশাখ ১৪২৬

০৬ মে ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।



৬-৫-২০১৯

জিনাত রেহানা

উপ-সচিব